

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮



তারিখ: ১৭.০১.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

চিটাগাং সিনিয়ার্স ক্লাবের পিঠা উৎসব ২০২৫ অনুষ্ঠিত

চিটাগাং সিনিয়ার্স ক্লাবের আয়োজনে পিঠা উৎসব ২০২৫ ক্লাব প্রাঙ্গণে জাঁকজমকপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। এ উৎসবে বিভিন্ন ধরনের ঐতিহ্যবাহী পিঠার প্রদর্শনী ও উপস্থাপনার মধ্য দিয়ে বাঙালির লোকজ সংস্কৃতিকে উদযাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডাঃ শাহাদাত হোসেন। তিনি তার বক্তব্যে বলেন, পিঠা আমাদের ঐতিহ্যের একটি অবিচ্ছেদ্য অংশ, যা আমাদের শিকড়ের সাথে আমাদের সংযুক্ত রাখে। এমন আয়োজন আমাদের ঐতিহ্যকে নতুন প্রজন্মের কাছে তুলে ধরার পাশাপাশি সাংস্কৃতিক চেতনা জাগ্রত করতে বিশেষ ভূমিকা পালন করে। পিঠার মাধ্যমে আমরা শুধু আমাদের খাদ্যসংস্কৃতিকে নয়, পারম্পরিক সৌহার্দ্য এবং ঐক্যকেও উদযাপন করি। “চট্টগ্রামের মতো শহরে এমন আয়োজন আমাদের সংস্কৃতিকে শহুরে জীবনধারার সাথে সংযুক্ত করার একটি সুন্দর উদ্যোগ। এটি শুধুমাত্র একটি উৎসব নয়, এটি একটি প্ল্যাটফর্ম, যেখানে আমরা আমাদের ঐতিহ্য সংরক্ষণ এবং ভবিষ্যৎ প্রজন্মকে তা শেখানোর সুযোগ পাই। আমি বিশ্বাস করি, চিটাগাং সিনিয়ার্স ক্লাবের এই উদ্যোগ চট্টগ্রামের ঐতিহ্য ও সংস্কৃতি বিকাশে অনন্য ভূমিকা পালন করবে।” * উৎসবে আরো উপস্থিত ছিলেন দৈনিক আজাদীর সম্পাদক এম এ মালেক, চট্টগ্রাম মহানগর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আবুল হাশেম বক্কর, ক্লাবের চেয়ারম্যান ডাঃ বিশ্বনাথ দাশ, মার্শফিক উল হাসান, ফাতেমা ফেরদৌস, ডাঃ মেসবাহ উদ্দিন আহমেদ, ডাঃ ভাগ্যধন বড়ুয়া, ফয়সাল আলম তাসকিন, ওলিউল আবেদীন শাকিল, এডভোকেট রফিকুল আনোয়ার চৌধুরী, এবং ডাঃ সরোয়ার আলম, এম.আর.দে, ইঞ্জি. পরিমল কান্তি চৌধুরী, ডাঃ বিদুৎ কান্তি বিশ্বাস, ডাঃ এম.এস.টিপু সুলতান, প্রদীপ কুমার দাশ, সোমেন কুমার দত্ত, পুলক পারিয়াল, মোহাম্মদ আলী মুরাদ প্রমুখ। উৎসবটি ক্লাব সদস্য ও আমন্ত্রিত অতিথিদের এক মিলনমেলায় পরিণত হয়। বিভিন্ন ধরনের পিঠার স্টল এবং সাংস্কৃতিক পরিবেশনা সবাইকে আকৃষ্ট করে। চট্টগ্রামের ঐতিহ্য ও সৌন্দর্য তুলে ধরার জন্য এমন আয়োজন ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে আয়োজকরা জানিয়েছেন।

রেড ক্রিসেন্টের উদ্যোগে ৫ শতাধিক মানুষের মাঝে কম্বল বিতরণ করলেন মেয়র ডা. শাহাদাত

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের উদ্যোগে নগরীর পাঁচ শতাধিক মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়। নগরীর বিভিন্ন ওয়ার্ডের প্রতিবন্ধী, শিশু ও বয়স্ক মানুষকে এসব কম্বল দেয়া হয়। শুক্রবার নগরীর লালদিঘীর পাড়স্থ সিটি কর্পোরেশন পাবলিক লাইব্রেরি অডিটোরিয়ামে কম্বল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের চেয়ারম্যান ডা. শাহাদাত হোসেন। অনুষ্ঠানে মেয়র ডাঃ শাহাদাত হোসেন বলেন, রেড ক্রিসেন্টের এই মানবিক উদ্যোগ সত্যিই প্রশংসার যোগ্য। চট্টগ্রামের শীতাত্ত মানুষের কষ্ট লাঘবে আমরা সবসময়ই পাশে আছি। প্রতিবন্ধী, শিশু এবং বয়স্কদের জন্য এই সহায়তা একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আমাদের সবাইকে একযোগে কাজ করতে হবে যেন সমাজের কোন মানুষ অবহেলিত না থাকে। মানবিক সমাজ গঠন সম্পর্কে মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, “মানবিক মূল্যবোধ, সহমর্মিতা এবং একে অপরের প্রতি দায়িত্ববোধের ভিত্তিতেই একটি সত্যিকারের মানবিক সমাজ গড়ে ওঠে। সমাজের বিভবানদের শীতাত্ত, দরিদ্র এবং অসহায় মানুষের পাশে দাঁড়ানো উচিত। এতে শুধু শীতাত্তদের কষ্ট লাঘব হবে না, বরং সমাজে সমতার ভিত্তি শক্তিশালী হবে। কেবল শীতাত্ত নয় যে কোন বিপদগ্রস্ত জনগোষ্ঠীর সেবায় রেড ক্রিসেন্ট ছিল, আছে, থাকবে। চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের সেক্রেটারি গোলাম বাকি মাসুদ এর সভাপতিত্বে অনুষ্ঠান সঞ্চালনা করেন চট্টগ্রাম সিটি যুব রেড ক্রিসেন্টের যুব প্রধান আ.ন.ম. তামজীদ। এসময় আরও উপস্থিত ছিলেন সিটি রেড ক্রিসেন্টের কার্যকরী পর্ষদ সদস্য ডাঃ রাকিব উল্লাহ, ডাঃ সরোয়ার আলম, নিজাম উল আলম খান, জিয়াউল হক, সিনিয়র যুব সদস্য মোঃ গালিব, চট্টগ্রাম সিটি যুব রেড ক্রিসেন্টের উপ যুব প্রধান সুজিত রুদ্দ, দুর্ধোগ ও মানবিক সাড়া প্রদান বিভাগীয় প্রধান মো রকিবুল ইসলাম ও যুব স্বেচ্ছাসেবকবৃন্দ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮